



ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর স্বপ্নগোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৮

আগস্ট' ২০১৮

কুন্দু কৃষক উন্নয়ন ফাউন্ডেশন(এসএফডিএফ) এর স্বপ্নগোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, ২০১৮

১.০ প্রেক্ষাপট

নাগরিকের চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ। নাগরিকের তথ্য অধিকার নিশ্চিত করা হলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে, দুর্ভীভূতি হাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে এ ফাউন্ডেশন যথাসাধ্য কার্যক্রম পরিচালনা করছে। ফাউন্ডেশনের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়বদ্ধতা নিশ্চিত করাসহ নাগরিকগণের দোরগোরায় সেবা পৌছে দেয়ার লক্ষ্যে ফাউন্ডেশনের কার্যক্রম নাগরিক, ফাউন্ডেশনের সুফলভোগী ও কর্মকর্তা-কর্মচারীদের সহজলভ্য করার নিমিত্ত একটি ওয়েবসাইট www.sfdf.org.bd চালু রয়েছে। এ ওয়েবসাইটে সরকারের নিকট থেকে যেসব তথ্য পাওয়া যায় তা প্রকাশের পাশাপাশি ফাউন্ডেশনের নিজস্ব তথ্যসমূহও প্রকাশ করা হয়ে থাকে। তবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রণয়নকৃত বার্ষিক কর্মপরিকল্পনায় স্বপ্নগোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশের জন্য ১টি কার্যক্রম নির্ধারণ করে দিয়েছে। ফাউন্ডেশনের পক্ষ হতে ইতোমধ্যে এ ধরনের নির্দেশিকা প্রণয়ন করা হয়েন। এসব দিক বিবেচনায় ফাউন্ডেশনের জন্য স্বপ্নগোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১.২ উদ্দেশ্য

ফাউন্ডেশনের নিজস্ব কার্যক্রম সম্পর্কিত প্রতিবেদন, নীতিমালা, পরিপত্র, নিয়োগ বিজ্ঞপ্তিসহ অন্যান্য প্রচারযোগ্য তথ্যাদি স্বেচ্ছাক্ষেত্রে প্রকাশের লক্ষ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। তথ্য প্রকাশ সংক্রান্ত কার্যাদি যথাসময়ে এবং সূচারুভাবে সম্পাদনের নিমিত্ত তথ্যাদি প্রণয়ন ও প্রকাশের দায়িত্ব এবং সময় সুনির্দিষ্ট করে দেওয়াই নির্দেশিকা প্রণয়নের মূল উদ্দেশ্য।

২.০ স্বপ্নগোদিত তথ্য প্রকাশ সংক্রান্ত ছক:

ক্রমিক নং	তথ্যের ধরন/বিবরণ	তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত অধিশাখা	তথ্য প্রকাশের উদ্দেশ্য	ওয়েবসাইটে প্রকাশ	
				সময়	কর্মকর্তা
১.	বার্ষিক প্রতিবেদন	পরিবীক্ষণ, প্রশিক্ষণ ও পরিকল্পনা	নাগরিকগণ, ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী ও সুফলভোগীদের জানার সুবিধার্থে	প্রতি জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে	ব্যবস্থাপক আইসিটি
২.	ফাউন্ডেশনের কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন	পরিবীক্ষণ, প্রশিক্ষণ ও পরিকল্পনা	নাগরিকগণ, ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী ও সুফলভোগীদের জানার সুবিধার্থে	প্রতি কোয়ার্টার শেষের পরবর্তী মাসের ৭ তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৩.	মাসিক পারফরমেন্স প্রতিবেদন	পরিবীক্ষণ, প্রশিক্ষণ ও পরিকল্পনা	নাগরিকগণ, ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী ও সুফলভোগীদের জানার সুবিধার্থে	পরবর্তী মাসের ১ম কর্মদিবস	ব্যবস্থাপক আইসিটি

৪.	উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিদর্শন প্রতিবেদন	প্রশাসন ও সমষ্টয়	নাগরিকগণ, ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী ও সুফলভোগীদের জানার সুবিধার্থে	প্রতিবেদন দাখিলের তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৫.	নীতিমালা	প্রশাসন ও সমষ্টয়	ফাউন্ডেশনের কর্মকর্তা- কর্মচারীদের প্রতিপালন ও সুফলভোগীদের সচেনতা বৃদ্ধির লক্ষ্য	নীতিমালা জারির তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৬.	অফিস আদেশ	প্রশাসন ও সমষ্টয়	ফাউন্ডেশনের কর্মকর্তা- কর্মচারীদের প্রতিপালন ও সুফলভোগীদের সচেনতা বৃদ্ধির লক্ষ্য	অফিস আদেশ জারির তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৭.	প্রজ্ঞাপন/পরিপত্র	প্রশাসন ও সমষ্টয়	ফাউন্ডেশনের কর্মকর্তা- কর্মচারীদের প্রতিপালন ও সুফলভোগীদের সচেনতা বৃদ্ধির লক্ষ্য	প্রজ্ঞাপন/পরিপত্র জারির তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৮.	নিয়োগ বিজ্ঞপ্তি	প্রশাসন ও সমষ্টয়	নাগরিকদের জ্ঞাতার্থে	নিয়োগ বিজ্ঞপ্তি জারির তারিখ	ব্যবস্থাপক আইসিটি
৯.	বিভিন্ন সভা, সেমিনার ও কর্মশালা এবং মাঠ কার্যক্রমের ছবি প্রকাশ	আইসিটি	ফাউন্ডেশনের কার্যক্রমের প্রচার ও প্রসার	সভা, সেমিনার ও কর্মশালা সংগঠনের পরবর্তী ২ (দুই) কর্মদিবসের মধ্যে	ব্যবস্থাপক আইসিটি

৩.০ (ক) দায়িত্বপ্রাপ্ত অধিশাখা বলতে অধিশাখায় উপ-মহাব্যবস্থাপক নেতৃত্বে এ অধিশাখার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে
বুঝাবে।

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ছকে নির্ধারিত সময়ের পূর্বেই তথ্যাদি/ছবি ব্যবস্থাপক আইসিটি এর নিকট সরবারাহ করবেন।

(গ) ব্যবস্থাপক আইসিটি নির্ধারিত সময়ের মধ্যে তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.০ যেকোন অধিশাখা কিংবা যেকোন কর্মকর্তা স্টেড্যুগে ওয়েবসাইটে কোন তথ্য প্রকাশ করতে চাইলে তা কর্তৃপক্ষের
অনুমোদন গ্রহণপূর্বক প্রকাশের সুযোগ পাবেন।

৫.০ তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা)
বিধিমালা, ২০১৭ সমূহ সংশ্লিষ্ট অধিশাখা/কর্মকর্তাগণ যথাযথভাবে প্রতিপালন ও অনুসরণ করবেন।



(এ এইচ এম আবুল কুসেম)

ব্যবস্থাপনা পরিচালক